রাসূল সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম আল্লাহর পথে জিহাদ ব্যতীত তাঁর নিজ হাতে কোনো দিন কাউকে মারেন নি, কোনো স্ত্রীকেও না, খাদিমকেও না।

আয়েশা রাদিয়াল্লাহু ‘আনহা থেকে মারফু সূত্রে বর্ণিত, রাসূলুল্লাহ সাল্লাল্লাহু
আলাইহি ওয়াসাল্লাম আল্লাহর পথে জিহাদ ব্যতীত তাঁর নিজ হাতে কোনো দিন কাউকে মারেন
নি, কোনো স্ত্রীকেও না, খাদিমকেও না। আর যে তার ক্ষতি করেছে, তার থেকে প্রতিশোধও গ্রহণ করেন নি; তবে মহীয়ান ও গরীয়ান আল্লাহর মর্যাদা হানিকর কোনো কিছু করলে তিনি আল্লাহর উদ্দেশ্যে তার প্রতিশোধ নিয়েছেন।
[সহীহ] [এটি মুসলিম বর্ণনা করেছেন।]

রাসূলুল্লাহ সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লামের মহান চরিত্র ছিল যে, তিনি তাঁর নিজ হাতে কোনো দিন কোনো প্রাণী বা অন্য কিছুকে প্রহার করেননি। না কোন স্ত্রীকে, না কোনো খাদিমকে। কেননা অধিকাংশ মানুষের অভ্যস হলো স্ত্রী ও খাদিমকে প্রহার করা। মানুষের সাধারণ অভ্যাস অনুযায়ী রাসূলুল্লাহ সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম যেহেতু তাদেরকে মারেননি, সেহেতু যাদেরকে সাধারণত মানুষ মারে না তাদেরকে প্রহার না করা সমধিক প্রযোজ্য। তবে আল্লাহর দীনকে সুউচ্চ করতে জিহাদ করার প্রসঙ্গটি ভিন্ন। কোনো মানুষ রাসূল থেকে কোনো আঘাত পেয়ে প্রত্যাঘাত নিয়েছেন তাও দেখা যায় না। যেমনটি ঘটেছিল উহুদের ময়দানে কাফিররা তার মাথায় আঘাত করেছিল, তার সামনের দাঁত ভেঙ্গে ফেলেছিল এবং তার প্রতি তাদের আরো অনেক খারাপ আচরণ প্রকাশ পেয়েছিল, তারপরও তিনি তা ক্ষমা করেছেন, মাফ করেছেন এবং সহিষ্ণুতা অবলম্বন করেছেন। তাদের থেকে প্রতিশোধ নেন নি। তবে মহীয়ান ও গরীয়ান আল্লাহর মর্যাদা হানিকর কোনো কিছু সংঘটিত হলে তিনি তার প্রতিশোধ নিয়েছেন।

http://www.sunnah.global/hadeeth/bn/show/6391